## আজকের কাগজ

12 NOV 1993
পৃষ্ঠা ৮ কলাম ২

12

### সনদপত্র সংগ্রহ

# মেডিকেলে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীরা বিড়ম্বনার শিকার হচ্ছে

মকসুদ চৌধুরী : মেডিকেল কলেজগুলোতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীরা মাধ্যমিক শ্রেণীর মূল সনদপত্র সংগ্রহ করা নিয়ে বিড়ম্বনার শিকার হচ্ছে। বোর্ড কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের মূল সনদপত্র আগামী ডিসেম্বরের আগে সরবরাহ করতে অপারগতা প্রকাশ করেছে। সাময়িক প্রয়োজন মিটাতে প্রভেশনাল সনদপত্র দিচ্ছে। মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা কমিটি ভর্তির সময়ে মাধ্যমিক শ্রেণীর মূল সনদপত্র চেয়েছে। বোর্ড কর্তৃপক্ষের বক্তব্য অনুযায়ী সাময়িক সনদপত্র নিয়ে ছাত্র-ছাত্রীরা আদৌ ভর্তি হতে পারবে কি-না ও মেডিকেল ভর্তি কমিটি এই সাময়িক সনদপত্র গ্রহণ করবে কি-না তা এখনো অনিশ্চিত। কিন্তু এই সাময়িক সনদপত্র সংগ্রহের ক্ষেত্রেও ছাত্র-ছাত্রীরা নানা ঝামেলার সম্মুখীন হচ্ছে। ছাত্র-ছাত্রীদের সাময়িক সনদপত্র চেয়ে দরখাস্ত করতে ১শ' টাকার ব্যাংক ড্রাফট জমা দিয়ে দিনের পর দিন অপেক্ষা করতে হচ্ছে। এ ব্যাপারে নাম প্রকাশে অনিচ্ছুক একজন ঢাকা বোর্ড কর্মকর্তা বলেন, লোকবলের অপ্রতুলতার কারণে সমস্যার সৃষ্টি হচ্ছে। ছাত্র-ছাত্রীদের সংখ্যাও বহুগুণ বেড়েছে। কাল সনদপত্র দেয়ার ক্ষেত্রে জটিলতা বেড়েছে। এতো কমসংখ্যক কর্মকর্তা-কর্মচারি দিয়ে বিপুলসংখ্যক ছাত্র-ছাত্রীর সনদপত্র এতো অল্প সময়ে সরবরাহ প্রায় অসম্ভব। তবুও উদ্ভূদ পরিস্থিতি মোকাবেলার চেষ্টা করা হচ্ছে। ঐ কর্মকর্তা আরো বলেন, ঢাকা বোর্ডের বর্তমান লোকবল ৩শ' ৫৩ জন। ১৯৮২ সালে গঠিত এনাম কমিটির সুপারিশ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারির প্রয়োজন ৪শ' ৯৫ জন। সে অনুযায়ী বর্তমানে ১শ' ৪২টি পদ শূন্য রয়েছে। এ সব শূন্য পদে লোক নিয়োগ করতে না পারলে আগামীতে সমস্যা আরো বাড়বে।